



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/20/2022

গভর্নর ক্যাথি হোকল

**গভর্নর হোকল নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষের প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করার জন্য জাস্টিন ই. ড্রিস্কলের নাম সুপারিশ করেছেন**

গভর্নর ক্যাথি হোকল আজকে নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষের (New York Power Authority, NYPA) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করার জন্য জাস্টিন ই. ড্রিস্কলের নাম সুপারিশ করেছেন। NYPA ট্রাস্টি বোর্ডের (Board of Trustees) থেকে অ্যাপয়েন্টমেন্ট পাওয়া এবং সিনেট কর্তৃক নিশ্চিত হওয়া সাপেক্ষে, জনাব ড্রিস্কল দেশের সর্ববৃহৎ স্টেট মালিকানাধীন বিদ্যুৎ ইউটিলিটির নেতৃত্বদান অব্যাহত রাখবেন।

"এমন একটা সময়ে যখন নিউ ইয়র্ক জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে নেতৃত্ব দিচ্ছে এবং দ্রুত পরিচ্ছন্ন শক্তিতে স্থানান্তর করছে, তখন NYPA-র সর্বোচ্চ পর্যায়ে শক্ত স্বপ্নদ্রষ্টা নেতৃত্ব প্রয়োজন," **গভর্নর হোকল বলেন।** "জাস্টিন ড্রিস্কলের দেশের সর্ববৃহৎ স্টেট মালিকানাধীন ইউটিলিটির নেতৃত্ব দেওয়ার এবং নিউ ইয়র্কের শক্তি সংস্থানকে আমাদের জলবায়ু লক্ষ্য সমর্থন এবং অর্থনৈতিক বিকাশ প্রচার করার কাজে ব্যবহার করার দক্ষতা আছে। আমি নিউ ইয়র্ককে এই অসাধারণ অগ্রগামী পথে স্থাপন করার জন্য জাস্টিনের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করে যেতে উন্মুখ।"

অক্টোবরে NYPA-র ট্রাস্টি বোর্ড জনাব ড্রিস্কলকে অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে নিয়োগ দেয় এবং তখন থেকে তিনি NYPA-র কার্বনমুক্ত বিদ্যুৎ ইউটিলিটিতে চলমান রূপান্তরের নেতৃত্ব দিয়েছেন যাতে নিউ ইয়র্কের দেশের শীর্ষস্থানীয় জলবায়ু লক্ষ্যকে সমর্থন করা যায়। গভর্নরের সুপারিশ জাতীয়ভাবে অনুসন্ধান এবং জনাব ড্রিস্কল গত বছর এই কাজে যা অর্জন করেছেন তার স্বীকৃতির অনুবর্তী।

**NYPA-র অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা জাস্টিন ই. ড্রিস্কল বলেন,** "যখন আমরা স্টেটের দেশের শীর্ষস্থানীয় পরিচ্ছন্ন শক্তির অর্থনীতিতে রূপান্তরের কাজে অগ্রসর হচ্ছি, তখন আমি নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষের নেতৃত্ব দিতে গভর্নর হোকলের পূর্ণ সমর্থন পেয়ে গর্বিত। NYPA-র নিবেদিত কর্মীদের অসাধারণ দলটিকে নিয়ে এবং গভর্নরের নেতৃত্বাধীন, নিউ ইয়র্ক এখন আগামী অনেক বছরের জন্য একটি স্থিতিস্থাপক, নির্ভরযোগ্য এবং পরিচ্ছন্ন শক্তি অবকাঠামো তৈরি করতে পূর্বের যেকোনো সময়ের থেকে বেশি প্রস্তুত।"

জনাব ড্রিস্কল এর পূর্বে NYPA-র প্রধান আইন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করেছেন। NYPA-তে যোগদানের পূর্বে, তিনি আইনের প্রাইভেট প্র্যাকটিস করেছেন এবং তার মক্কেলদের মধ্যে রয়েছে ফরচুন 500 কোম্পানি, সরকারি এনটিটি এবং শক্তি কোম্পানি, তিনি জটিল বাণিজ্যিক মামলা ও প্রবিধান সংক্রান্ত বিষয়ে তাদের প্রতিনিধিত্ব করেছেন।

জনাব ড্রিস্কল একাধিক বোর্ডে দায়িত্ব পালন করেন যার মধ্যে রয়েছে সেভ এনার্জি (The Alliance to Save Energy), নিউ ইয়র্ক সিটির আরবান গ্রিন কাউন্সিল (Urban Green Council), লার্জ পাবলিক পাওয়ার কাউন্সিল (Large Public Power Council), এবং ওয়ার্ল্ড রিসোর্সেস ইনস্টিটিউটের গ্লোবাল এনার্জি উপদেষ্টা বোর্ড (World Resources Institute's Global Energy Advisory Board)।

জনাব ড্রিস্কল ওয়াশিংটন ডিসির আমেরিকান ইউনিভার্সিটির (American University) একজন গ্র্যাজুয়েট এবং তার পাবলিক অ্যাফেয়ার্স স্কুল (School of Public Affairs) থেকে একটি ব্যাচেলর ডিগ্রি রয়েছে। তিনি নিউ ইয়র্ক ল স্কুল (New York Law School) থেকে তার আইন ডিগ্রি পেয়েছেন এবং নিউ ইয়র্ক ইউনিভার্সিটির ল স্কুল (New York University School of Law) থেকে ট্রেড রেগুলেশনের উপর L.L.M. কর্মসূচিতে অংশগ্রহণ করেছেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)-এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418